

দেড় মাস পর বাক্বি পেল নতুন উপাচার্য

বাক্বি প্রতিনিধি ▷

দেড় মাস পর অবশেষে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের (বাক্বি) নতুন উপাচার্য



নিয়োগ দেওয়া হয়েছে। নতুন উপাচার্য হিসেবে নিয়োগ পেয়েছেন বিশ্ববিদ্যালয়ের পতপালন অনুযায়ের পত পৃষ্টি বিভাগের অধ্যাপক

ড. মো. আলী আকবর। বিশ্ববিদ্যালয়ের আচার্য রুটপতি মো. আবদুল হামিদের অনুমোদনক্রমে রবিবার শিক্ষা মন্ত্রণালয় এ বিষয়ে আদেশ জারি করে। বিকেল সাড়ে ৪টার দিকে শিক্ষা মন্ত্রণালয় থেকে একটি ফ্যাক্সবর্তায় বিশ্ববিদ্যালয়কে এ তথ্য নিশ্চিত করা হয়েছে। ড. আকবর ১৯৭৫ সালে বাক্বি থেকে স্নাতক ডিগ্রি অর্জন করেন। পরে ১৯৭৭ সালে প্রভাষক হিসেবে বিশ্ববিদ্যালয়ে যোগ দেন। তিনি ১৯৮৪ সালে যুক্তরাষ্ট্রের অ্যাঝাডিন বিশ্ববিদ্যালয় থেকে পিএইচডি ও একই বিশ্ববিদ্যালয় থেকে ১৯৯২-৯৩ সালে পোস্ট ডক্টরেট ডিগ্রি লাভ করেন। তিনি যোগ্যতার সঙ্গে বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত উপাচার্য, ডিন কতিপালের আহ্বায়ক, প্রভোস্ট পরিষদের আহ্বায়ক বাক্বি রিসার্চ সিস্টেমের পরিচালক পদে দায়িত্ব পালন করেছেন। এ ছাড়া তিনি বিশ্ববিদ্যালয়ের অন্যান্য গুরুত্বপূর্ণ পদে নিষ্ঠার সঙ্গে দায়িত্ব পালন করেছেন। বর্তমানে তিনি ইন্টার ডিসিপ্লিনারি সেক্টর ফর ফুড সিকিউরিটি ইনস্টিটিউটের পরিচালক হিসেবে দায়িত্ব পালন করছেন।